

স্কুলে হরতাল সমর্থকদের হামলা : আহত ১৩

লালমনিরহাট প্রতিনিধি

হরতালে স্কুল খোলায় লালমনিরহাটে একটি প্রাথমিক বিদ্যালয়ে হামলা চালিয়েছে হরতাল সমর্থকরা। এ সময় শিক্ষক-শিক্ষার্থীসহ ১৩ জন আহত হয়েছে।

বৃহস্পতিবার সকাল নাড়ে ১০টার দিকে লালমনিরহাট সদরের খুনিয়াগাছ গ্রামে খুনিয়াগাছ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ হামলার ঘটনা ঘটে। আহত শিক্ষকরা হলেন- প্রধান শিক্ষক আবদুল হাই, সহকারী শিক্ষক মোশারফ হোসেন, সাবিনা ইয়াসমিন ও নাজমীন আক্তার। আহত শিক্ষার্থীরা হলো- পঞ্চম শ্রেণির জেমি হুই, তৃতীয় শ্রেণির আকি মণি, সুজন, আরিফুল ইসলাম ও বিত্তীয় শ্রেণির মিলু। আহতদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, খুনিয়াগাছ ইউনিয়ন, বিনেপির সভাপতি আমিনুল ইসলামে নেতৃত্বে বিএনপিকারীরা সকালে হরতাল সমর্থনে একটি মিছিল বের করেন। এ সময় মিছিলকারীরা বিদ্যালয়ের কক্ষে ঢুকে শিক্ষক-শিক্ষার্থীদের মারপিট করেন। এতে ৪ শিক্ষকসহ ১৩ জন আহত হন। এ সময় শিকটোররা বইখাতা হিঁড়ে ফেলে, বিদ্যালয়ের চেয়ার-টেবিল ও আসবাবসহ ওই বিদ্যালয়ের প্রধান ফটকের দরজার গ্রিল ভাঙতর করে।

এদিকে বিদ্যালয়ে হামলার খবর হুড়িয়ে পড়লে এলাকাবাসী লাঠিশোটা নিয়ে এগিয়ে এসে হরতাল সমর্থকরা পানিয়ে যায়। এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল হামিদ : পৃষ্ঠা ২, কলাম ৫

হামলা : স্কুলে

(প্রথম পৃষ্ঠার পর)

হাই লেবু বলেন, সকালে স্কুলে আড়ায় সন্ধ্যা ৩টার মধ্যে সবে হরতাল সমর্থকরা অতর্কিত এ হামলা চালায়। লালমনিরহাট সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জমির উদ্দিন জানান, ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে। হামলাকারীদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।